ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




হিন্দি সিনেমার জগতে আমি বহিরাগত: কেন বললেন শাহরুখ?

পৃঃ ৫




টেস্ট ক্রিকেটের ১৪৭ বছরে চতুর্থ ব্যাটার হিসেবে যে রেকর্ড রুটের

পৃঃ ৬


Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৩৫ ● কলকাতা ● ২৭ অগ্রহায়ণ, ১৪৩১ ● শুক্রবার ● ১৩ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


# আরাবুল-শওকত বাকযুদ্ধ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভাঙড়ে আরাবুল ইসলাম যদি ফুঁ দেয়, খালের ধারে যে কটা মাল নেতা বসবাস করে, উড়ে চলে যাবে। তাই বড় বড় কথা বলার দরকার নেই। এরা অস্তিত্বহীন মানুষ। ভাঙড়ে রোলার চালিয়ে তৃণমূল কংগ্রেস নেতা হওয়া যাবে না। ভাঙড়ের মানুষকে সার্ভিস দিতে হবে। উন্নয়নের পথ দেখাতে হবে।এখন ভাঙড়ে যখন তৃণমূলে মুষল পর্ব চলছে, তখন উলটোদিকে তার ফায়দা লুঠতে ব্যস্ত বিরোধীরা। বিরোধী আইএসএফ নেতা রাইনুর হক বলেন, ভাঙড়ে তৃণমূল কংগ্রেসের ঘরে আগুন লেগেছে। আগে ওনারা ঘরটা সামলাক। তারপরে আইএসএফের সাথে ওনারা লড়ে নেবেন। আইএসএফ সর্বদা প্রস্তুত আছে। ছাব্বিশের আগে ১ ইঞ্চি ভাঙড়ের মাটি তাঁরা ছাড়বেন না। ছাব্বিশে ভাঙড়ে তাঁরাই ব্যাপক ভোটে জিতছে! তাই শওকত মোল্লা সব অন্য নেতাদের কথায় আইএসএফ কর্মীরা ভয় পাচ্ছেন না। সব মিলিয়ে ২০২৬-এর বিধানসভা ভোটের আগে রাজনৈতিক তরজা চরমে। আর তাই পঞ্চায়েত ভোটের থেকেও ভাঙড়ে ছাব্বিশের বিধানসভা ভোটে আরও অশান্তি হতে পারে বলে প্রমাদ গুনছে ভাঙড়ের সাধারণ মানুষ।পরিষেবা দিতে হবে। " এমনই হুঁশিয়ারির সুরে বললেন আরাবুল ইসলাম। আর আর শওকত মোল্লার নাম না করে তিনি বলেন, "কোন মায়ের ছেলে সেটা ভাঙড়ের মানুষও বোধহয় জানে না।" অন্যদিকে প্রকাশ্য মঞ্চ থেকে আরাবুল ইসলামের নাম না করে শওকত মোল্লা আবার বলেন, "ভাঙড়ের উন্নয়ন কি তিনি একা করেছেন ? ভাঙড় কি তার বাপের সম্পত্তি নাকি? যখন যেটা মনে করবেন তখন সেটা বলবেন। এই বাপের সম্পত্তিটা ছেড়ে দাও। রাজনীতিতে এসব কিছু চলে না। এটা তোমার মাথায় রাখতে হবে।"

ভাঙড়ের আরও এক তৃণমূল নেতা তথা পঞ্চায়েত সমিতির সদস্য ও বনভূমির কর্মদক্ষ খাইরুল ইসলাম বলেন, সাধারণ মানুষের কাজ করার জন্য আরাবুল ইসলাম মোটেই ভাঙড়ে আসেননি। তোলা তোলার জন্য এসেছেন। এখন এসে বুঝে গেছে যে ভাঙড়ে আর বেশি সুবিধা হবে না। সাধারণ মানুষ আর তোলা দেবে না। তোলা তোলার জায়গা নেই। তাই অন্য জায়গা খুঁজে যাচ্ছে তোলা তোলার জন্য। বারে বারে কোর্টের দ্বারস্থ হচ্ছে। ভাঙড়ের বিডিও সাহেবকে তিনি জানিয়েছিলেন যে আরাবুল ইসলামের জন্য পঞ্চায়েত সমিতির একটা ঘর দেওয়ার জন্য। কারণ যেহেতু কোর্টের রায়ে তিনি এখনও পঞ্চায়েত সমিতির সভাপতি আছেন। তবে দলের সভাপতি নন। ২২ জন পঞ্চায়েত সমিতির সদস্য মিলে আরাবুল ইসলামকে পঞ্চায়েত সমিতির সভাপতি করা হয়েছিল। কিন্তু তাঁকে সুপারি কিলার দিয়ে খুন করার চক্রান্ত করেছিলেন আরাবুল। এর জন্য তিনি কয়েক মাস জেল খেটেছেন। পাশাপাশি তাঁর বিভিন্ন কার্যকলাপ দেখে ভাঙড়ের পঞ্চায়েত সমিতির সভাপতি পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে। আর সহ-সভাপতিকে তাঁরা সভাপতির দায়িত্ব দিয়েছেন। কিন্তু আরবুল ইসলাম কোর্টের মাধ্যমে সেই সভাপতি পদ ফের ফিরে পেয়েছেন। এখন তোলা তোলার জন্য সেই পদ ধরে রাখতে বারে বারে কোর্টে ছুটছেন।

## দিঘায় জগন্নাথ মন্দির - বাক যুদ্ধে শুভেন্দু-কুনাল



বেবি চক্রবর্ত্তী: কলকাতা

বুধবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিঘাতে তাঁর সাধের জগন্নাথ মন্দির পরিদর্শনে গিয়েছিলেন। পরে তিনি বলেন যে অক্ষয় তৃতীয়ার দিন ওই পবিত্র মন্দিরের উদ্বোধন করা হবে। আর এর পরেই বিধানসভার বাইরে বিরোধী দলনেতা অভিযোগ করেন যে মুখ্যমন্ত্রী মিথ্যা কথা বলছেন। শুভেন্দু অধিকারী বলেন, 'কাগজপত্রে কোথাও মন্দিরের উল্লেখ নেই। সাংবিধানিকভাবে কোনও সরকার এক্সচেকারের টাকায় ধর্মীয় প্রতিষ্ঠান তৈরি করতে পারে না। তাই মমতা বন্দ্যোপাধ্যায় আজও দাঁড়িয়ে যা যা বলেছেন সেটা ভণ্ডামি ও মিথ্যাচার। আমি একজন জগন্নাথ দেবের ভক্ত হিসেবে বলতে চাই, চারধামের একধাম পুরী ধাম। একে নকল করবেন না। এই অধিকার কোনও হিন্দু আপনাকে দেয়নি। কেদার-বদ্রীর বিকল্প হয় না। গীতাকে পালটানো যায় না। অভিনন্দনকে শুভনন্দন করতে পারেন। কিন্তু পুরী ধামের নকল মন্দির করতে পারেন না। সাহস কোথা থেকে হয় এসবের?' তিনি হিডকোর সঙ্গে রাজ্য সরকারের এগ্রিমেন্টের একটি কাগজ দেখিয়ে বলেন যে ওখানে জগন্নাথ সাংস্কৃতিক কেন্দ্র তৈরী করা হচ্ছে। এই বিষয় নিয়ে বৃহস্পতিবার পাল্টা মুখ খোলেন কুনাল ঘোষ। এই বিষয়ে তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের পাল্টা বক্তব্য, 'ঈর্ষা থেকেই এসব করছেন বিরোধী দলনেতা। দিঘার জগন্নাথ মন্দির তৈরির কাজ শেষ পর্যায়ে। মুখ্যমন্ত্রী তা দেখতে গিয়েছেন। তার মধ্যেই বিরোধী দলনেতা কটাক্ষে নেমেছেন। জগন্নাথ দেবের মন্দির তৈরি হচ্ছে তা নিয়েও কটাক্ষ! এত ঈর্ষা কীসের?' সঙ্গে তিনি আরও বলেন, 'বাংলার যা আকর্ষণ তাতে এই তীর্থক্ষেত্র গোটা পৃথিবীর কাছে রাজ্যের মাথায় নতুন পালক যোগ করবে। এত ঈর্ষা কীসের? এই রাজ্যে ধর্ম যার যার উৎসব সবার। সব ধর্মের জন্য উপাসনার ব্যবস্থা করে দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জগন্নাথ দেবের সুন্দর মন্দির করে দিলেন মুখ্যমন্ত্রী। আপনাদের গায়ে কি ফোসকা পড়ছে? এসব বিরোধী দলনেতার ছেলেমানুষী।' বাংলার আপামর জনগণ বেশ উপভোগ করছেন এই দুই নেতার বাক-যুদ্ধ।

## এবার সুপ্রিম কোর্টে তিলোত্তমার মা-বাবার হয়ে লড়াই করবেন আইনজীবী করুণা নন্দী




বেবি চক্রবর্ত্তী : দিল্লী

করুনা নন্দী এতদিন পর্যন্ত সুপ্রিম কোর্টে আরজি কর মামলায় জয়েন্ট প্ল্যাটফর্ম অব ডক্টর্স অর্থাৎ চিকিৎসকদের তরফে আইনজীবী হিসেবে সওয়াল করছিলেন। তাঁকেই বেছে নিলেন তিলোত্তমার বাবা-মা। শিয়ালদহ আদালতেও আর সওয়াল

এরপর ৩ পাতায়

## বাংলাদেশে প্রতিরোধের পথে হাসিনার আওয়ামী লীগ!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

প্রতিরোধের রাজনীতির রাস্তা ধরল শেখ হাসিনার আওয়ামী লীগ। বুধবার ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলায় আধিপত্য বিস্তার নিয়ে দফায় দফায় খালেদা জিয়ার বিএনপির নেতা-কর্মীদের সঙ্গে সংঘর্ষে জড়িয়েছেন লীগ সমর্থকেরা। গত ৫ অগস্ট জনবিক্ষোভের জেরে প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে ঢাকা ছেড়ে ভারতে এসেছিলেন হাসিনা। তার পর থেকে আওয়ামী লীগ নেতা-কর্মীরা ধারাবাহিক হামলার শিকার হচ্ছেন। বিএনপি, জামাতে ইসলামি এবং বিষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীদের একাংশের আক্রমণে শতাধিক আওয়ামী নেতা-কর্মী-সমর্থকের মৃত্যু হয়েছে সে দেশে। পাশাপাশি, অন্তর্বর্তী সরকারের পুলিশ হাসিনার দলের সদস্যদের মিথ্যা মামলায় ফাঁসাচ্ছে বলেও অভিযোগ। নিষিদ্ধ হয়েছে দলের চাত্র সংগঠন ছাত্র লীগ। আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা শেখ মুজিবুর রহমানের জেলা গোপালগঞ্জ-সহ কয়েকটি এলাকায় জমায়েত-প্রতিবাদ করলেও এই প্রথম রাস্তায় নেমে প্রতিরোধের পথে হাঁটল হাসিনার দল।

বাংলাদেশের সংবাদমাধ্যম 'প্রথম আলো' জানাচ্ছে, কাইচাইল ইউনিয়ন এলাকায় দু'পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন গুরুতর আহত হয়েছেন।ভাঙচুর করা হয়েছে,

এরপর ৩ পাতায়


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# ১৫ মিনিটে বাংলাদেশ দখলের হুমকি পশ্চিমবঙ্গের নেতার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মাত্র ১৫ মিনিটে সংখ্যালঘু মুসলিম নাগরিকদের নিয়ে বাংলাদেশ দখলে নেওয়ার হুমকি দিয়েছেন পশ্চিমবঙ্গের ক্ষমতাসীন রাজনৈতিক দল তৃণমূল কংগ্রেসের এক নেতা। বুধবার (১১ ডিসেম্বর) পশ্চিমবঙ্গের মালদা জেলা তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের সভাপতি টিংকুর রহমান বিশ্বাস এই হুমকি দিয়েছেন। তার এই হুমকির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে।

তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু মুসলিম সেলের সভাপতি টিংকুর রহমান বিশ্বাস বলেন, ‌ওগতকালও আমাদের চোখে পড়েছে বিএনপি নেতা আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে ব্যঙ্গ করছিলেন। এখানে সংখ্যালঘু মুসলিম যারা আছি আমাদের জন্যই যথেষ্ট বাংলাদেশ। আমি কালকেও বলেছি, বর্ডার খুলি দিন ১৫ মিনিটের জন্য, বাংলাদেশ দখল করে নেব। পুলিশ লাগবে না, ফোর্সও লাগবে না।

তিনি বলেন, যে নিজের জাতির পিতাকে চেনে না, মূর্তি ভাঙে তাদের কাছ থেকে আর কী আশা করতে পারি। ১৫ মিনিটের জন্য খুলে দিক বর্ডার, পুলিশ লাগবে না; আমরা যারা সংখ্যালঘু মুসলিম আছি পশ্চিমবঙ্গে আমাদেরই যথেষ্ট দখল করা বাংলাদেশ।




ঔদ্ধত্যপূর্ণ মন্তব্য করে তৃণমূলের এই নেতা আরও বলেন, গোটা ভারতবর্ষ লাগবে না, আমরা ৩২ কোটি মুসলমান থাকি ভারতবর্ষে। এতো জনও লাগবে না। আমরা পশ্চিমবঙ্গের মুসলিমরাই দখল করে নিতে পারব।

বাংলাদেশের সংখ্যালঘুদের ওপর কথিত নিপীড়নের অভিযোগের ঘটনায় প্রতিবেশী ভারতের রাজনীতিকদের বিতর্কিত মন্তব্য থামছেই না। বিশেষ করে পশ্চিমবঙ্গ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ও বিরোধীদল বিজেপির নেতা শুভেন্দু অধিকারী প্রায় প্রত্যেকদিনই বাংলাদেশ ইস্যুতে বিতর্কিত মন্তব্য করছেন। এবার মমতার দলের জেলা পর্যায়ের এক মুসলিম নেতা বাংলাদেশ নিয়ে বিতর্কিত এসব মন্তব্য করেছেন।

একই দিনে (বুধবার) মমতা বন্দোপাধ্যায় কলকাতায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষা দেওয়ার জন্য ভারতের কেন্দ্রের ক্ষমতাসীন নরেন্দ্র মোদির সরকারের প্রতি আহ্বান জানান। বিতর্কিত এই আবদার জানিয়ে মমতা বলেন, কেন্দ্রকে অবশ্যই সহিংসতা-বিধ্বস্ত বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষা দিতে হবে এবং যারা ফিরতে ইচ্ছুক তাদের ফিরিয়ে আনতে হবে।

তবে বাংলাদেশ ইস্যুতে পশ্চিমবঙ্গের অনেকেই সেখানে সাম্প্রদায়িক দাঙ্গা লাগানোর চেষ্টা করছে বলেও দাবি করেছেন মমতা। পশ্চিমবঙ্গের এই মুখ্যমন্ত্রী বলেছেন, কিছু অংশ সাম্প্রদায়িক উত্তেজনা ছড়ানোর চেষ্টায় উদ্দেশ্যমূলকভাবে ভুয়া ভিডিও প্রচার করছে।

# এক দেশ এক ভোট বিলে সায় মোদী মন্ত্রিসভার, এর পর কী!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

'এক দেশ, এক ভোট' বিলে অনুমোদন দিল নরেন্দ্র মোদী মন্ত্রিসভা। বৃহস্পতিবার ক্যাবিনেট বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে সংবাদসংস্থা পিটিআই। পিটিআই এও জানিয়েছে, সংসদের চলতি অধিবেশনে সরকারের অন্যতম অ্যাজেন্ডাই হল এই বিল (One Nation One Election Bill ) পেশ। সংসদের চলতি শীতকালীন অধিবেশন অচল থাকলে অথবা আগামী বছরের বাজেট অধিবেশনে বিলটি পেশ করা হতে পারে।

প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বাধীন একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটির সুপারিশ অনুযায়ী সেপ্টেম্বরে এই প্রস্তাব মন্ত্রিসভা অনুমোদন করে। বুধবার কোবিন্দ বলেন, “এক দেশ, এক ভোট” উদ্যোগ একেবারেই জাতীয় স্বার্থে, এটি কোনও নির্দিষ্ট দলের জন্য নয়। তিনি এও বলেন যে অর্থনীতিবিদদের মতে, এই প্রস্তাব কার্যকর হলে দেশের জিডিপি ১ থেকে ১.৫ শতাংশ বৃদ্ধি পেতে পারে।

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানও এই প্রস্তাবকে সমর্থন করেছেন। তিনি বলেন, "বারবার নির্বাচন হলে প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী, মন্ত্রীরা, সাংসদ এবং বিধায়কদের প্রচারের জন্য সময় ব্যয় করতে হয়, যা উন্নয়নমূলক কাজ থমকে দেয়।"

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রস্তাবটিকে স্বাগত জানিয়ে বলেছেন, “এক দেশ, এক নির্বাচন (One Nation One Election) প্রস্তাবে হাই-লেভেল কমিটির সুপারিশ মন্ত্রিসভা গ্রহণ করেছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দজিকে এই উদ্যোগের নেতৃত্ব দেওয়ার জন্য আমি অভিনন্দন জানাই। এটি আমাদের গণতন্ত্রকে আরও শক্তিশালী এবং অংশগ্রহণমূলক করে তুলবে।”

উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি প্রাথমিক পর্যায়ে লোকসভা এবং রাজ্য বিধানসভা নির্বাচন একযোগে করার সুপারিশ করেছে। পাশাপাশি, স্থানীয় নির্বাচনের সময়সীমা নির্ধারণের জন্য ১০০ দিনের মধ্যে সমন্বয় করার কথা উল্লেখ করেছে।

তবে সন্দেহ নেই এর বাস্তবায়ণ মোটেও সহজ নয়। কারণ, কংগ্রেস, তৃণমূল, সপা, ডিএমকে-র মতো সব বিরোধী দল এর বিরোধিতা করছে। সুতরাং বৃহত্তর ঐক্যমত না গড়ে তুলে এই নীতির বাস্তবায়ন করাটা আদৌ সরকারের পক্ষে সম্ভব কিনা সেই প্রশ্নও রইল।

# তাপমাত্রা ৫ ডিগ্রির নীচে, শীতে কাবু দিল্লি



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

শীতে জবুথবু ভারতের রাজধানী শহর দিল্লি। আজ বৃহস্পতিবার সকালে নয়াদিল্লি এবং সংলগ্ন এলাকায় তাপমাত্রা ৫ ডিগ্রির নীচে নেমেছে। আবহাওয়া দফতর জানিয়েছে, দিল্লির সামগ্রিক তাপমাত্রা ৪.৮ ডিগ্রি সেলসিয়াস। এই মৌসুমে এখন পর্যন্ত এটিই সেখানকার সর্বনিম্ন তাপমাত্রা। শুধু তাই নয়আবহাওয়া দফতর জানিয়েছে, গত ১৪ বছরের মধ্যে এই প্রথম ডিসেম্বরে এতটা শীত পড়েছে দিল্লিতে। হাওয়া অফিসের তরফে জানানো হয়েছে, আগামী কয়েক দিন শৈত্যপ্রবাহ চলবে দিল্লিতে।

শুধু দিল্লি নয়, রাজস্থান, পঞ্জাব, হরিয়ানার মতো উত্তর ভারতের একাধিক রাজ্যে শৈত্যপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। বুধবার নতুন করে তুষারপাত হয়েছে জম্মু ও কাশ্মীরে। আবহাওয়া দফতরের পূর্বাভাস, রাজস্থানের কোনও কোনও অংশে সোমবার পর্যন্ত শৈত্যপ্রবাহ চলবে। দিল্লি এবং গুজরাটের একাংশেও তা চলতে পারে শনিবার পর্যন্ত। পূর্ব ভারতে আগামী দু'দিনে তাপমাত্রা ধাপে ধাপে ২ থেকে ৩ ডিগ্রি কমবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। পশ্চিম ভারতে অবশ্য ২-৩ ডিগ্রি তাপমাত্রা বৃদ্ধির পূর্বাভাস দেওয়া হয়েছে।

সাধারণত, রাতের তাপমাত্রা যদি ১০ ডিগ্রি বা তার নীচে নেমে যায় এবং স্বাভাবিক সর্বনিম্ন তাপমাত্রার থেকে তা যদি অন্তত পাঁচ ডিগ্রি কম হয়, সেটাকে বলা হয় শৈত্যপ্রবাহ।

# কাশ্মীরে মরসুমের প্রথম তুষারপাত, পর্যটকরা আহ্লাদে আটখানা




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

হিমালয় পার্বত্য এলাকায় তুষারপাতের জেরে ঠান্ডায় জবুথবু দিল্লি। প্রায় ২৮ বছর পর ১১ ডিসেম্বর সকালে দিল্লিবাসী শৈত্যপ্রবাহের ছোঁয়া পায়। বৃহস্পতিবার সর্বনিম্ন তাপমাত্রা নামল ৩.৮ ডিগ্রি সেলসিয়াসে। অন্যদিকে, পৃথিবীর বুকে একটুকরো স্বর্গ কাশ্মীরে চলছে অবিশ্রান্ত তুষারপাত। বৃহস্পতিবারই প্রথম এই মরসুমের প্রথম তুষারপাত হল উপত্যকায়। ... গিয়েছেন বরফ দেখে।

কলকাতাতে সামান্য ঠান্ডার আমেজ গায়ে লাগতে না লাগতেই বাঙালি নানান প্রজাতির গরমের পোশাক গায়ে চাপিয়ে রাস্তায় নেমে পড়েছে। অন্যদিকে, রাজধানী দিল্লির মানুষ তীব্র গরমের পর বায়ুদূষণ এবং এখন জাঁকিয়ে ঠান্ডায় হাড়ে কাঁপুনি অনুভব করছেন।

এদিন দিল্লির আয়ানগর অঞ্চলে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৩.৮। যদিও সফদরজঙ্গ

এরপর ৩ পাতায়

# শেখ হাসিনার বক্তব্য সমর্থন করে না ভারত: বিক্রম মিশ্রি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি বলেছেন, বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকারের বিরুদ্ধে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমালোচনাকে ভারত সমর্থন করে না। বুধবার ভারতীয় সংবাদমাধ্যম দ্য হিন্দু এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

ভারতের সংসদের পররাষ্ট্রবিষয়ক স্থায়ী কমিটির এক বৈঠকে তিনি এ মন্তব্য করেন। কমিটির সভাপতিত্ব করেন কংগ্রেস নেতা শশী থারুর। বৈঠকে মিশ্রি তার সাম্প্রতিক বাংলাদেশ সফর এবং অন্তর্বর্তীকালীন সরকারের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে তার বৈঠক নিয়ে আলোচনা করেন।

তিনি বলেন, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী বাংলাদেশ-ভারত সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে থাকলেও, এই সম্পর্ক কোনো নির্দিষ্ট রাজনৈতিক দল বা সরকারের ওপর নির্ভরশীল নয়। তিনি আরও বলেন, ভারত সবসময় বাংলাদেশের জনগণের সঙ্গে সম্পর্ককে অগ্রাধিকার দিয়ে থাকে।

বিক্রম মিশ্রির এই বক্তব্য ভারত-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্কের বহুমুখী দিক এবং রাজনৈতিক প্রভাবকে নতুন করে আলোচনার কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছে।



বাংলাদেশ ও ভারতের মধ্যকার পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক ফরেন অফিস কনসালটেশন (এফওসি)-এ যোগ দিতে গত সোমবার ঢাকা সফর করেন বিক্রম মিশ্রি। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্বে থাকা বিক্রম মিশ্রি পররাষ্ট্র সচিব জসীম উদ্দিন, পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন এবং সর্বশেষ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ঢাকা ত্যাগ করেন।

তিনি আরও বলেন, শেখ হাসিনা তার বক্তব্য প্রচারের জন্য 'ব্যক্তিগত যোগাযোগ মাধ্যম' ব্যবহার করছেন এবং ভারত সরকার তাকে কোনো প্ল্যাটফর্ম বা সুবিধা প্রদান করেনি। ভারত কখনো অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করে না। এটি ভারতের ঐতিহ্যবাহী নীতির অংশ।

বিক্রম মিশ্রি বলেন, বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের বিরুদ্ধে সহিংসতার অভিযোগগুলোর যথাযথ সত্যতার অভাব নিয়ে ভারত উদ্বিগ্ন। তবে তিনি জানান, সাম্প্রতিক ঘটনায় জড়িত থাকার অভিযোগে বাংলাদেশ ৮৮ জনকে গ্রেপ্তার করেছে, যা একটি ইতিবাচক পদক্ষেপ।

তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশ কর্তৃপক্ষ কর্তৃক দণ্ডপ্রাপ্ত সন্ত্রাসীদের মুক্তি এবং তাদের ভারতবিরোধী বক্তব্য ভারত সরকারের জন্য চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। অন্যদিকে, বাংলাদেশ সরকার ভারতের গণমাধ্যমে প্রচারিত 'ভুল তথ্য প্রচার' নিয়ে তাদের অসন্তোষ প্রকাশ করেছে।

তিনি বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার বৃহত্তম বাণিজ্য ও সংযোগ অংশীদার হিসেবে উল্লেখ করে বলেন, তার সাম্প্রতিক সফরের পর ভারত-বাংলাদেশ সম্পর্কের দৃশ্যমান উন্নতি হয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের মধ্যে রেলপথ, সড়কপথ, এবং অভ্যন্তরীণ জলপথ সংযোগ স্থাপন করা হয়েছে। তবে তিনি জানান, দুই দেশের মধ্যে যাত্রীবাহী রেল পরিষেবা এখনও স্থগিত রয়েছে।

বৈঠকে অনেক সদস্য বাংলাদেশে ইসকন ভক্তদের গ্রেপ্তার বিষয়ে প্রশ্ন তুললেও, এ বিষয়ে পররাষ্ট্র সচিব কোনো প্রতিক্রিয়া জানাননি বলে জানিয়েছে দ্য হিন্দু।






১-ম পাতার পর

# বাংলাদেশে প্রতিরোধের পথে হাসিনার আওয়ামী লীগ!

৩০টিরও বেশি বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান। কাইচাইল ইউনিয়ন বিএনপির সভাপতি ইব্রাহিম মিয়াঁ এবং উপজেলা কৃষক লীগের সভাপতি তথা আওয়ামী লীগের স্থানীয় নেতা জিন্নাহ সর্দার যুযুধান দুই গোষ্ঠীকে নেতৃত্ব দিয়েছেন বলে প্রকাশিত খবরে দাবি করা হয়েছে। নগরকান্দা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহম্মদ সফর আলি প্রথম আলোকে বলেন, "সংঘর্ষের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে।"

১-ম পাতার পর

# এবার সুপ্রিম কোর্টে তিলোত্তমার মা-বাবার হয়ে লড়াই করবেন আইনজীবী করুণা নন্দী

করবেন না বৃন্দা গ্রোভার। নতুন আইনজীবীর টিম তৈরি করা হয়েছে। এছাড়া কলকাতা হাইকোর্টেও অন্য কাউকে সওয়াল করতে দেখা যাবে। আইনজীবী বৃন্দা গ্রোভারের পরিবর্তে করুণা নন্দীকেই ভরসা করছেন তিলোত্তমার বাবা-মা। বৃন্দা গ্রোভারের ভূমিকায় সন্তুষ্ট ছিলেন না তাঁরা। তাঁদের কথা আদালতে সঠিকভাবে তুলে ধরা হচ্ছিল না বলে অভিযোগ ওঠে। এবার আবার নতুন আইনজীবী করুনা নন্দী। প্রথমে ছিলেন বিকাশ ভট্টাচার্য। প্রশ্ন উঠেছে এভাবে বার বার কেন আইনজীবী পরিবর্তন করছেন তিলোত্তমার মা-বাবা। এদিকে সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতে দাবি করেছিলেন, তদন্ত সংক্রান্ত সব তথ্য সিবিআই জানাচ্ছেন তিলোত্তমার পরিবারকে। অথচ আরজি করের নির্যাতিতা তরুণীর বাবা, মা জানান, তাঁদের কিছুই জানানো হচ্ছে না। আদালতে যে স্টেটাস রিপোর্ট জমা পড়ছে, সেই সংক্রান্ত কোনও তথ্যও তাঁদের হাতে আসছে না। এই বিষয়টি কেন বৃন্দা গ্রোভার আইনজীবী হিসেবে তুলে ধরলেন না, তা নিয়েই প্রশ্ন তোলে তিলোত্তমার পরিবার। সব মিলিয়ে বিষয়টা কি আরও জটিল হয়ে যাচ্ছে না?

# বাংলাদেশ থেকে পাথর বর্ষণ, আতঙ্কে গঙ্গারামপুর সীমান্তের তেলিয়াপাড়া গ্রাম




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলাদেশ সীমান্তে চলা অশান্তির প্রভাব এবার পড়ল ভারতের দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর ব্লকের তেলিয়াপাড়া গ্রামে। অভিযোগ, মঙ্গলবার ও বুধবার গভীর রাতে বাংলাদেশের কিছু দুষ্কৃতী পরপর দুদিন তেলিয়াপাড়া গ্রামে এলোপাথাড়ি পাথর ছুড়ে আতঙ্ক ছড়ায়।স্থানীয় পঞ্চায়েত সদস্য সিরাজুল ইসলাম জানান, "বিএসএফ ও পুলিশ প্রশাসনকে দ্রুত জানানো হয়েছিল। তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।" একই ঘটনা ঘটে বুধবার রাতেও। ফলে ঘুম ছুটেছে ওই গ্রামের বাসিন্দাদের।তবে এই বিষয়ে জেলা পুলিশ সুপার এবং বিএসএফ কর্তৃপক্ষ কোনও

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# কাশ্মীরে মরসুমের প্রথম তুষারপাত, পর্যটকরা আহ্লাদে আটখানা

এলাকায় তা ছিল ৪.৯ সেলসিয়াস। আবহাওয়া দফতর বৃহস্পতিবার ও শুক্রবার শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়ে হলুদ সতর্কতা জারি করেছে। হলুদ সতর্কতা দেওয়া হয়, তাপমান যখন ৪-৬ ডিগ্রিতে নেমে আসে তখন। এর আগে ১৯৯৬ সালের ১১ ডিসেম্বর দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা হয়েছিল ২.৩ ডিগ্রি। ১৯৩০ সালের ২৭ ডিসেম্বর সফদরজঙ্গ এলাকায় রেকর্ড সর্বনিম্ন তাপমাত্রা পৌঁছেছিল শূন্যতে। আবহাওয়া দফতরের অনুমান, হিমালয় পার্বত্য এলাকা থেকে প্রবল ঠান্ডা বাতাস নেমে আসায় আচমকা পারদ পতন ঘটেছে দিল্লিতে। পশ্চিমী ঝঞ্ঝা সরে যাওয়াতেই হিমালয় থেকে ঠান্ডা বাতাস চলাচলের অনুকূল পরিবেশ তৈরি হয়েছে। পাশাপাশি সর্বোচ্চ তাপমাত্রা ২ ডিগ্রির নীচে ঘোরাফেরা করছে।

# ভারতে ঐতিহাসিক ধর্মীয় স্থান রক্ষার আইন নিয়ে বিতর্ক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের বিভিন্ন ধর্মীয় স্থান নিয়ে তদন্ত ও সংশ্লিষ্ট আইনি প্রক্রিয়া সম্প্রতি আরও উত্তেজনার সৃষ্টি হয়েছে।ভারতের শীর্ষ আদালত বর্তমানে একটি গুরুত্বপূর্ণ আইনের বিরুদ্ধে মামলার শুনানির মধ্য দিয়ে যাচ্ছে, যা দেশের স্বাধীনতার সময় (১৯৪৭) থেকে ধর্মীয় স্থানগুলো প্রকৃত অবস্থা বা চরিত্র এবং পরিচয় রক্ষা করে। ১৯৯১ সালে পাস হওয়া এই আইনটি ধর্মীয় স্থানের চরিত্র পরিবর্তন বা রূপান্তর নিষিদ্ধ করে এবং আদালতকে এসব জায়গার স্ট্যাটাস নিয়ে বিতর্ক গ্রহণ করতে বাধা দেয়, শুধুমাত্র বাবরি মসজিদ কেসের ক্ষেত্রে এটি আলাদা করা হয়েছে।

এটি গুরুত্বপূর্ণ কারণ বর্তমানে অনেক হিন্দু সংগঠন বিভিন্ন মসজিদে মামলা করছে, দাবি করছে যে সেগুলি ভাঙা হিন্দু মন্দিরের ওপর তৈরি করা হয়েছে। এই বিতর্কে কিছু শীর্ষ রাজনীতিক, এর মধ্যে প্রধানমন্ত্রী মোদির ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-এর এক সদস্য, এই আইনকে চ্যালেঞ্জ করে দাবি করেছেন যে এটি ধর্মীয় স্বাধীনতা ও সাংবিধানিক ধর্মনিরপেক্ষতার লঙ্ঘন।

আইনটির পিছনে ছিল ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংসের পর ধর্মীয় উত্তেজনা কমানোর চেষ্টা। এই আইনটি ঘোষণা করা হয়েছিল যে ১৯৪৭ সালের ১৫ আগস্টে যেসব ধর্মীয় স্থানের চরিত্র ছিল, সেগুলি অপরিবর্তিত থাকবে। আইনটি মন্দির, মসজিদ, গির্জা, গুরুদুয়ারাসহ সব ধর্মীয় স্থানে প্রযোজ্য, এবং মসজিদ, মন্দির বা অন্যান্য ধর্মীয় স্থানগুলোর চরিত্র বদলানোর চেষ্টা বা দাবি নিষিদ্ধ করা হয়েছে।

তবে, বিভিন্ন মুসলিম সংগঠন এবং বিরোধী রাজনৈতিক দলগুলি এই আইনকে সমর্থন জানিয়েছে, কারণ তারা মনে করে যে এই আইনটি ধর্মীয় সংখ্যালঘুদের উপাসনাস্থল রক্ষা করতে সাহায্য করে। তারা উদ্বেগ প্রকাশ করেছেন যে এই আইনটি যদি বাতিল বা পরিবর্তন হয়, তাহলে ধর্মীয় উত্তেজনা আরও বাড়বে এবং বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সংঘর্ষের ঝুঁকি তৈরি হবে।

এখন, এই আইন নিয়ে শুনানি চলছে এবং এর ফলস্বরূপ গয়নাপি মসজিদ, শাহী ঈদগাহ মসজিদসহ বেশ কিছু বিতর্কিত মসজিদ এবং অন্যান্য ধর্মীয় স্থানের ভবিষ্যত নির্ধারণ হতে পারে। ইতিমধ্যে, রাজস্থান রাজ্যে একটি আদালত সম্প্রতি একটি আবেদন গ্রহণ করেছে, যেখানে দাবি করা হয়েছে যে সেখানে অবস্থিত আজমির শরিফ দরগা একটি পুরনো হিন্দু মন্দিরের ওপর নির্মিত।এর পাশাপাশি, গত মাসে উত্তর প্রদেশের সাম্ভাল শহরে একটি ১৬ শতকের মসজিদ নিয়ে মামলা কেন্দ্র করে জরিপের সময় সহিংসতায় চারজন নিহত হয়।

বিশ্লেষকরা আরও মন্তব্য করেছেন যে, এসব ধর্মীয় স্থানগুলি ঐতিহাসিকভাবে এত জটিল যে, এর উপর ভিন্ন ভিন্ন দাবি প্রতিষ্ঠিত করা কঠিন হবে, যার ফলে ধর্মীয় সহিংসতা এবং দাঙ্গার আশঙ্কা বাড়বে।ভারতের ধর্মীয় স্থান সংক্রান্ত আইনি কার্যক্রমের উপর নজর দিলে এটি স্পষ্ট যে, দেশের ধর্মীয় সম্প্রীতি এবং শান্তির জন্য ভবিষ্যতে কী ধরনের সিদ্ধান্ত নেওয়া হবে, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ।ভারতের শীর্ষ আদালতের রায় আগামীতে ভারতীয় ধর্মীয় ঐতিহ্য এবং শান্তিপূর্ণ সহাবস্থানের ভবিষ্যতকে প্রভাবিত করতে পারে, যেখানে সঠিক নীতি ও সমঝোতার প্রয়োজন।

# 'শেখ হাসিনার বক্তব্য সমর্থন করে না ভারত'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রী বলেছেন, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে যে সকল সমালোচনা করেন তা ভারত সমর্থন করে না।

বুধবার (১১ ডিসেম্বর) কংগ্রেস নেতা শশী থারুর নেতৃত্বে ভারতের সংসদের পররাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটিকে ব্রিফিংয়ে পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রী এই মন্তব্য করেন।

মিশ্রী বলেন, ভারতের সম্পর্ক বাংলাদেশের সাথে কোনো নির্দিষ্ট রাজনৈতিক দল বা সরকারের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং এই সম্পর্কের ভিত্তি বাংলাদেশের জনগণের মধ্যেই নিহিত।

তিনি জানান, ভারত সরকার শেখ হাসিনাকে কোনো আলাদা প্ল্যাটফর্ম প্রদান করেনি, বরং হাসিনা তার ব্যক্তিগত যোগাযোগ মাধ্যম ব্যবহার করে এইসব মন্তব্য করে চলেছেন।

মিশ্রী আরও বলেন, ঢাকায় তার সফরের সময় তিনি অন্তর্বর্তীকালীন সরকারকে জানিয়েছেন, ভারত জনগণের সাথে সম্পর্ক অগ্রাধিকার দেয় এবং বর্তমান সরকারের সাথে কাজ চালিয়ে যেতে ইচ্ছুক।

তিনি জানান, সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনা গুলো নিয়ে বাংলাদেশ সরকারের এক ধরনের অস্বীকৃতি রয়েছে যা উদ্বেগজনক। বাংলাদেশের অন্তর্বর্তী সরকার এই হামলা গুলোকে আওয়ামী লীগের উপর হামলা বলে যুক্তি দেখালেও মিশ্রী ব্যাখ্যা করেন, এমন যুক্তি এই ধরনের আক্রমণের 'ন্যায্যতা' প্রমাণ করতে পারে না।

তিনি মন্দির ও ইন্দিরা গান্ধী সাংস্কৃতিক কেন্দ্রের ওপর হামলার ঘটনাগুলোর সত্যতা মেনে নিয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান। তবে বাংলাদেশ কর্তৃপক্ষের এই ধরনের ঘটনায় যে ৮৮ জনকে গ্রেপ্তারের করেছে তা ইতিবাচক বলে উল্লেখ করেন। এই সময় মিশ্রী সাবেক ইসকন নেতার গ্রেপ্তারের বিষয়ে মন্তব্য করতে অস্বীকৃতি জানান।

তিনি বলেন, বাংলাদেশে কিছু সদ্য মুক্তিপ্রাপ্ত 'সন্ত্রাসী'র ভারত-বিরোধী বক্তব্যের বিষয়ে উদ্বেগ জানানো হয়েছে। অপরদিকে বাংলাদেশের পক্ষ থেকে ভারতীয় সংবাদমাধ্যমের বাংলাদেশ প্রসঙ্গে ভুল তথ্য প্রচারণার অভিযোগ আনা হয়।

তিনি বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার বৃহত্তম বাণিজ্য ও সংযোগ অংশীদার হিসেবে বর্ণনা করেন এবং বলেন যে সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের মধ্যে রেল লিঙ্ক, বাস লিঙ্ক এবং অভ্যন্তরীণ জলপথ তৈরি হয়েছে। তবে, তিনি কমিটিকে জানিয়েছেন যে দুই দেশের মধ্যে যাত্রীবাহী রেল পরিষেবা 'স্থগিত' রয়েছে। তিনি বাংলাদেশে শান্তিপূর্ণ, স্থিতিশীল এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশের প্রয়োজনীয়তা তুলে ধরেন এবং বলেন, ২০২২ সালে বাংলাদেশি নাগরিকদের জন্য ভারত ষোল লাখ ভিসা ইস্যু করেছে।

অবশেষে, তিনি দ্বিপাক্ষিক চুক্তি পুনর্বিবেচনার বিষয়টি তার আলোচনায় আসেনি বলে জানান।

# আলাদা রাজ্যের দাবিতে কোচবিহারে আবার রেল অবরোধ! বাতিল অনেক ট্রেন, ভোগান্তিতে যাত্রীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কোচবিহারকে পৃথক রাজ্য ঘোষণার দাবিতে রেল রোকো গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের। বুধবার ভোরে বংশী মদনের নেতৃত্বে অসম-বাংলা সীমানার জোড়াই স্টেশনে বসে পড়েন সংগঠনের কর্মীরা। ফলে উত্তরবঙ্গের চার জেলায় একের পর এক আটকে পড়ে বহু ট্রেন। তালিকায় রয়েছে বন্দেভারতও। ফলে প্রবল সমস্যায় যাত্রীরা। এদিকে অবরোধকারীদের সাফ কথা, দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশনের দীর্ঘদিনের দাবি, কোচবিহারকে পৃথক রাজ্যের মর্যাদা দিতে হবে। সেই ইস্যুতেই নতুন করে উত্তাল হয়ে উঠল উত্তরবঙ্গের

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩৩৫ সংখ্যা ১৩ ডিসেম্বর, ২০২৪ শুক্রবার ২৭ অগ্রহায়ণ, ১৪৩১

## সম্পাদকীয়

# এদের কাছে চিরঋণী থেকে যাবেন মমতা

চিরঋণী থাকবেন। কামনা করলেন সুস্বাস্থ্যের। হঠাৎ যেন আবেগতাড়িত হয়ে পড়লেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দিঘার জগন্নাথ মন্দিরের কাজকর্ম কতদূর এগোল, তা দেখতে গিয়েই কথা প্রসঙ্গে উঠে এল ইন্ডিয়া জোটের আলোচনা। আর তাতেই মুখ্যমন্ত্রীর মুখে চিরঋণী হয়ে থাকার কথা।যদিও মমতাকে জোটের নেত্রী মানতে আপত্তি কংগ্রেসের। সম্প্রতিই কংগ্রেস সাংসদ মানিকরাম ঠাকুর প্রশ্ন তুলেছিলেন যে বাংলার বাইরে তৃণমূলের কী সাফল্য রয়েছে? গোয়া, ত্রিপুরা, মেঘালয়, অসমে হারের উদাহরণ দেন তিনি। এবার জোট নেতৃত্বে চলে নাকি এই ক্ষমতার লড়াইয়েই জোট ভেঙে যায়, তাই-ই এখন দেখার।ইন্ডিয়া জোটের নেতৃত্ব হিসাবে কংগ্রেসকে নয়, অনেক নেতাই চান মমতা বন্দ্যোপাধ্যায় এই বিরোধী জোটের নেতৃত্ব দিক।এই নিয়ে প্রকাশ্যে মমতাকে সমর্থনও জানিয়েছেন তাঁরা। তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বুধবার মুখ্যমন্ত্রী বলেন, "সকলে আমার প্রতি যে সম্মান প্রদর্শন করেছেন, তার জন্য আমি চিরকৃতজ্ঞ থাকব। আমি সকলের সুস্বাস্থ্য কামনা করি। আমি চাই ওঁরা সকলে এবং ওদের দল যেন ভাল থাকে। ইন্ডিয়া জোট ভাল থাকুক।"

সম্প্রতিই মুখ্যমন্ত্রী ইন্ডিয়া জোটের নেতৃত্ব নিয়ে বড় ইঙ্গিত দিয়েছিলেন। তিনি বলেছিলেন, "আমি ইন্ডিয়া জোট তৈরি করলাম, এবার যারা নেতৃত্ব দিচ্ছে তাদের উপরে নির্ভর করছে তারা কীভাবে সামলানে। যদি ওরা চালাতে না পারে, আমি কী করার আছে?"তাঁর এই বক্তব্যের পর থেকেই একাধিক ইন্ডিয়া জোটের শরিকি দল মমতা বন্দ্যোপাধ্যায়কেই সমর্থন জানান। সমাজবাদী পার্টি থেকে আরজেডি, ওয়াইএসআরসিপি সহ একাধিক দল মমতাকেই জোটের নেত্রী হিসাবে চান। আরজেডি সুপ্রিমো লালু প্রসাদ যাদব সাফ জানিয়ে দেন যে তিনি মমতা বন্দ্যোপাধ্যায়কেই সমর্থন করবেন। কংগ্রেসের কথায় চলবে না। সমাজবাদী পার্টির মুখপাত্র উদয়বীর সিংও জানিয়েছেন, তাদের ১০০ শতাংশ সমর্থন রয়েছে। অন্যদিকে, ওয়াইএসআরসিপির সাংসদ বিজয়সাই রেড্ডি এক্স হ্যান্ডেলে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশংসা করে লিখেছিলেন, "ইন্ডিয়া জোটের নেতৃত্ব দেওয়ার জন্য যোগ্য প্রার্থী মমতা।"

## প্রধানমন্ত্রী: জল জীবন মিশন মহিলাদের ক্ষমতায়ন বৃদ্ধি করছে, বিশেষ করে গ্রামাঞ্চলে

নয়াদিল্লি, ১২ ডিসেম্বর, ২০২৪

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, জল জীবন মিশন মহিলাদের ক্ষমতায়ন বৃদ্ধি করছে, বিশেষ করে আমাদের গ্রামাঞ্চলে। তিনি আরও বলেছেন, বাড়িতে বাড়িতে পরিশ্রুত পানীয় জল পাওয়ায় মহিলারা এখন দক্ষতা উন্নয়ন এবং আত্মনির্ভরতার দিকে নজর দিতে পারছেন। এক্স-এ একটি ভিডিও ভাগ করে নিয়ে তিনি লিখেছেন, "কিভাবে জল জীবন মিশন মহিলাদের ক্ষমতায়ন বৃদ্ধি করছে, বিশেষ করে আমাদের গ্রামাঞ্চলে, এটি একটি বিশেষ উল্লেখযোগ্য বিষয়।

তিনি আরও বলেছেন, বাড়িতেই পরিশ্রুত পানীয় জল পাওয়ায় মহিলারা এখন দক্ষতা উন্নয়ন এবং আত্মনির্ভরতার দিকে নজর দিতে পারছেন"।

৩ পাতার পর

## বাংলাদেশ থেকে পাথর বর্ষণ, আতঙ্কে গঙ্গারামপুর সীমান্তের তেলিয়াপাড়া গ্রাম

মন্তব্য করতে চাননি। এদিকে এই ঘটনা নিয়ে আতঙ্কিত তেলিয়াপাড়ার গ্রামবাসীরা নিরাপত্তার দাবি জানিয়ে প্রশাসনের দ্রুত পদক্ষেপের আবেদন জানিয়েছেন।

যে ঘটনায় স্থানীয় বাসিন্দারা ভীত-সন্ত্রস্ত।জানা গিয়েছে, বাসুরিয়া গ্রাম পঞ্চায়েতের হরিহরপুর সীমান্তবর্তী এলাকায় অবস্থিত এই গ্রামে ২৭টি হিন্দু ও ৪০টি সংখ্যালঘু পরিবার বাস করেন। সকলেই মূলত কৃষিকাজের উপর নির্ভরশীল। তবে সীমান্তের মাত্র ৫০ মিটার দূরে পুকুরের ওপারে থাকা বাংলাদেশি গ্রামগুলি থেকে সহজেই পৌঁছে যাওয়া যায় এই এলাকায়। সেই গ্রামগুলি থেকেই রাতের অন্ধকারে পাথর ছুড়ছে বাংলাদেশী দুস্কৃতীরা বলে অভিযোগ।

স্থানীয় বাসিন্দা সুভাষ রায় বলেন, "শীতের গভীর রাতে আমাদের মাটির বাড়িতে প্রচুর পাথর পড়তে শুরু করে। বাড়ির ক্ষতি তো হয়েছেই, তার সঙ্গে সন্তানদের নিয়ে কীভাবে থাকব বুঝতে পারছি না। আতঙ্কে দিন কাটছে।"বিষয়টি জানার পর বুধবার বিকেলে ঘটনাস্থলে পৌঁছান জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল, মহকুমা পুলিশ আধিকারিক সহ বিশাল পুলিশ বাহিনী।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ভালো থাকবেন সুস্থ থাকবেন। রীতি নীতি মেনে পুজো করবেন। না জানলে এখানে দেখেনিন পুরোটা পড়ে। পুজো আর্চা জেনে নিয়ে করা ভালো না জেনে ভুল ভাবে পুজো করলে অমঙ্গল হয়। পোস্টটি শেয়ার করবেন সবার উদ্দেশে। ধন্যবাদ। দেবী লক্ষী সম্পদ বৃদ্ধি ও সৌভাগ্যের দেবী। তিনি সুন্দরী ও মাধুর্য্যময় দেবী। তিনি পূজারীদের ধন সম্পদ দান করে থাকেন। দেবী লক্ষী শ্রী হিসেবে পরিচিত । কেননা তিনি সৌন্দর্য ও স্নিগ্ধতার প্রতীক। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার
(বিশতম পর্ব)

দেবীরা প্রায়ই ভয়াবহ। অক্ষোভ্য পূর্বদিশার অধিপতি, এবং পালযুগের আক্রান্ত ও প্রত্যাঘাতরত মাতৃকাধর্মী বাঙালির কাছে এই অক্ষোভ্যকুলের দেবীরা বিশেষ করে মা কালীর একটি প্রোটোটাইপ হিসেবে উঠে আসছিলেন, মনে করা যায়।



অক্ষোভ্যকুলের দেবীদের সম্পর্কে বিনয়তোষ ভট্টাচার্য তাঁর বৌদ্ধদের দেব-দেবী গ্রন্থে বলেন:

"সাধারণতঃ ইহাদের বর্ণ নীল এবং পুরুষ-সন্ততির ন্যায় প্রায় সকলেই ভীষণদর্শনা। ইহাদের নরাস্থি নির্মিত আভরণ, সর্পনির্মিত ভূষণ, মুণ্ডের মালা, ব্যাঘ্রচর্মের বসন, অগ্নিজ্বালার ন্যায় উর্ধ্বে উত্থিত কেশরাজি, দ্রংষ্টাকরাল বদন, তিনটি আরক্ত ও বর্তুল চক্ষু, ক্রোধোদ্ভাসিত মুখমণ্ডল স্বভাবতঃই ভীতির উদ্রেক করিয়া থাকে। সাধনার সময় মানসচক্ষে এইরূপ দেবতার দর্শন ঘটিলে সাধক প্রায়ই ভয়ে ভীত হইয়া সাধনা পরিত্যাগ করেন, কিংবা সংজ্ঞাহীন অবস্থা প্রাপ্ত হন।

দুটি চিত্রই বিনয়তোষের বই থেকে।

মহাচীনতারা।। এই তারার উপাসনা মহাচীন হইতে আনা হইয়াছিল বলিয়া মহাচীনতারা নামকরণ করা হইয়াছে। ইঁহাকে উগ্রতারা নামেও অভিহিত করা হয়। ইঁহার মন্ত্র একটি সিদ্ধমন্ত্র। অনন্যমনা এবং বাহ্যজ্ঞান-বিরহিত হইয়া ধ্যান ও জপ করিলে উগ্রতারা সিদ্ধ হন। ইনি একমুখ, চতুর্ভুজ এবং ইহার মূর্তি অত্যন্ত ভীতিপ্রদ। ইনি প্রত্যালীঢ় পদে শবোপরি দণ্ডায়মান থাকেন। ইনি দুইটি দক্ষিণ হস্তে তরবারি এবং কর্ত্রি ধারণ করেন এবং দুইটি বাম হস্তে উৎপল ও কপাল ধারণ করেন। ইঁহার মস্তকে একটি ক্ষুদ্র অক্ষোভ্যমূর্তি বিরাজ করে। এই তারার ধ্যান ও সাধনা হিন্দুতন্ত্রে প্রচলিত আছে ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# শি জিনপিংকে নিজের অভিষেকে আমন্ত্রণ জানালেন ট্রাম্প!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আগামী ২০ জানুয়ারি শপথ নেবেন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার এই অভিষেক অনুষ্ঠানে যোগ দেয়ার জন্য চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে আমন্ত্রণ জানিয়েছেন তিনি। একাধিক সূত্রের বরাতে বুধবার (১১ ডিসেম্বর) মার্কিন সংবাদমাধ্যম সিবিএস নিউজ এ তথ্য জানিয়েছে।

সিবিএসের খবর অনুযায়ী, ৫ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচনের কিছুদিন পরই শি জিনপিংকে আমন্ত্রণ জানানো হয়। তবে তিনি তা গ্রহণ করেছেন কিনা, তা এখনো স্পষ্ট নয়। এ ছাড়া এ বিষয়ে তাৎক্ষণিক কোনো মন্তব্য করেনি ওয়াশিংটনের চীনা দূতাবাস।

এর আগে গত শুক্রবার এনবিসি নিউজকে দেয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প জানান, শি জিনপিংয়ের সঙ্গে তিনি সুসম্পর্ক বজায় রেখেছেন ও চলতি সপ্তাহেই তাদের মধ্যে আলাপ হয়েছে।

বর্তমান বিশ্ব রাজনীতিতে যুক্তরাষ্ট্রের প্রধান প্রতিদ্বন্দ্বী চীন। এখন ট্রাম্পের অভিষেক অনুষ্ঠানে শি যোগদান করলে সেটি একটি নজিরবিহীন ঘটনা হবে।

উল্লেখ্য, ট্রাম্প এখন এমন কথা বললেও নির্বাচনী প্রচারণার পুরোটা সময় চীনবিরোধী কথা-বার্তা বলেছেন তিনি। নিজের হবু প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে চীনবিরোধী ব্যক্তিদের মনোনীত করে রেখেছেন তিনি। তাদের একজন হলেন পরবর্তী পররাষ্ট্রমন্ত্রী হিসেবে মনোনীত সিনেটর মার্কো রুবিও।

# আমরা বললাম মণিপুর, মোদী শুনলেন করিনা কাপুর, টিপ্পনি কংগ্রেসের



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন

মণিপুর, না করিনা কাপুর! কী আছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মনে? টিপ্পনি কংগ্রেসের। বৃহস্পতিবার দেশের প্রধান বিরোধী দল প্রায় এই ভাষাতেই মণিপুর প্রসঙ্গে প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে কটাক্ষ করল। কংগ্রেস নেতা পবন খেরা এদিন এক এক্সবার্তায় মাত্র দুটি বাক্যে প্রধানমন্ত্রী মোদীর বিবেক-বোধবুদ্ধিতে আঘাত করার চেষ্টা করেন। হিন্দিতে তিনি লিখেছেন, হাম তো বোলে থে মণিপুর/ উও সমঝা বৈঠে করিনা কাপুর। অর্থাৎ, কংগ্রেসের বক্তব্য, আমরা তো বলেছিলাম মণিপুর। আর উনি বুঝে বসলেন করিনা কাপুর।

প্রসঙ্গত, কিংবদন্তি অভিনেতা রাজ কাপুর জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর অভিনীত ছবিগুলির একটি উৎসবের আয়োজন করেছে কাপুর পরিবার ও সরকারি-বেসরকারি কয়েকটি সংস্থা। সেই উপলক্ষে উৎসবে আমন্ত্রণ জানাতে মঙ্গলবার মোদীর সঙ্গে দেখা করেছিলেন করিনা, রণবীর, রণধীর কাপুর প্রমুখ পরিবারের বর্তমান প্রজন্ম। আগামী ১৩ ডিসেম্বর এই উৎসব শুরু হতে চলেছে।

আমন্ত্রণ জানাতে গিয়ে মোদীর সঙ্গে গ্রুপ ছবিও তোলে কাপুর পরিবার। এক ফ্রেমে ছিলেন রণবীর কাপুর, আলিয়া ভাট, করিনা কাপুর, করিশ্মা কাপুর, ঋদ্ধিমা কাপুর সাহনি, আদর জৈন, আরমান জৈন এবং নীতু কাপুর (সিং)। আদরের ছেলের জন্য করিনা ও তাঁর স্বামী সইফ আলি খান প্রধানমন্ত্রীর অটোগ্রাফও সংগ্রহ করেন ওই সাক্ষাতে। একটি ছবিতে দেখা গিয়েছে করিনার সন্তান তৈমুর ও জেহ-র জন্য অটোগ্রাফ দিচ্ছেন মোদী।

আর তা নিয়েই কংগ্রেস আদাজল খেয়ে মোদীকে কটাক্ষ করতে ছাড়ছে না। মণিপুরে অশান্তি সৃষ্টির পর থেকে প্রধানমন্ত্রীকে একটিবারের জন্য পার্বত্য রাজ্যে গিয়ে পরিস্থিতি সামলানোর দাবি তুলে এসেছে কংগ্রেস। স্বয়ং রাহুল গান্ধী, সনিয়া গান্ধী, প্রিয়ঙ্কা গান্ধী বঢরা সহ দলের তাবড় নেতৃত্ব মোদীকে মণিপুরের সাধারণ মানুষের সঙ্গে দেখা করার অনুরোধ জানিয়েছে। খোদ রাহুল মণিপুর গিয়ে ঘরছাড়া মানুষের সঙ্গে কথা বলেন। কিন্তু, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে উত্তর-পূর্বের পাহাড়ি রাজ্যে পাঠানো ছাড়া মোদী এ পর্যন্ত সে রাজ্যে পা রাখেননি।

কিন্তু, সেলেব পরিবারের কিংবদন্তি অভিনেতার জন্মশতবর্ষ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রণী সাক্ষাতে পিছপা হননি প্রধানমন্ত্রী। তা নিয়েই কংগ্রেস নেতা চাঁচাছোলা ভাষায় মজা করে লিখেছেন, আমরা বললাম মণিপুর, আর উনি ভেবে বসলেন করিনা কাপুর।

৩ পাতার পর

# আলাদা রাজ্যের দাবিতে কোচবিহারে আবার রেল অবরোধ! বাতিল অনেক ট্রেন, ভোগান্তিতে যাত্রীরা

একাংশ। বুধবার ভোরে অসম-বাংলা সীমানার জোড়াই স্টেশনে বসে পড়েন সংগঠনের কর্মীরা। স্বাভাবিকভাবেই কোচবিহার, জলপাইগুড়ির, নিউ জলপাইগুড়ি- সহ একাধিক স্টেশনে আটকে পড়ে বহু দূরপাল্লার ট্রেন। অবরোধের জেরে চারটি ট্রেন বাতিল করেছে উত্তর পূর্ব সীমান্ত রেল। ঘুর পথে চালানো হচ্ছে আরও চারটি ট্রেন। সব মিলিয়ে প্রবল ভোগান্তির শিকার যাত্রীরা। তাঁদের কথা মাথায় রেখে বিভিন্ন স্টেশনে হেল্প ডেস্ক খোলা হয়েছে।

রেল সূত্রে খবর, বাতিল করা হয়েছে আপ ও ডাউন গুয়াহাটি-নিউ জলপাইগুড়ি বন্দেভারত এক্সপ্রেস, আপ-ডাউন বঙ্গাইগাঁও-নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস। অন্যদিকে ফকিরাগ্রাম, গোলকগঞ্জ, নিউ কোচবিহার ভায়া আলিপুরদুয়ার জংশন হয়ে চালানো হচ্ছে আরও চারটি ট্রেন। এর মধ্যে ডিব্রুগর-নিউ দিল্লি রাজধানী এক্সপ্রেস, অরুণাচল এক্সপ্রেস, গুয়াহাটি নিউ দিল্লি এক্সপ্রেসকে ফকিরাগ্রাম, গোলক গঞ্জ ও নিউকোচবিহার রুটে চালানো হচ্ছে। কামাখ্যা রাজেন্দ্রনগর এক্সপ্রেসকে ফকিরাগ্রাম, গোলকগঞ্জ, নিউকোচবিহার ও আলিপুরদুয়ার জংশন হয়ে চালানো হচ্ছে।

# কেন গর্জে উঠলেন এআর রহমানের মেয়ে?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বিচ্ছেদের পথে হাঁটছেন এআর রহমান ও তার স্ত্রী সায়রা বানু। বিচ্ছেদের খবর প্রকাশ্যে আনেন সায়রা বানুর আইনজীবী। ঠিক তার দুদিন পরেই বিচ্ছেদের ঘোষণা করেন তারই গানের দলের বেসিস্ট মোহিনী দে। সঙ্গে সঙ্গে দুইয়ে দুইয়ে চার করতে শুরু করেন নেটিজেনদের একাংশ। প্রশ্ন উঠতে শুরু করে, মোহিনীর জন্যই কি এআর রহমানের দাম্পত্যে চিড় ধরল? সুরকারের সঙ্গে নাম জড়িয়ে দেওয়া হয় মোহিনীর। বঙ্গতনয়া এই রটনার বিরুদ্ধে কড়া জবাব দিয়েছেন ইতোমধ্যেই। তবে এই সব জল্পনার মাঝে কি কাজ থেকে বিরতি নিচ্ছেন এআর রহমান? এই প্রশ্নও উঠেছে। এর উত্তর দিলেন সুরকারের কন্যা খতিজা রহমান।

মোহিনীর সঙ্গে এআর রহমানের নাম জড়ানোর বিরুদ্ধেও কটাক্ষ করেছিলেন খতিজা। ফের একবার বাবার জন্য গর্জে উঠলেন তিনি। সাফ জানিয়ে দিলেন, কাজ থেকে বিরতি নেওয়ার খবরও স্রেফ গুজব। এর কোনও ভিত্তি নেই। সোশ্যাল মিডিয়ায় এআর রহমান-কন্যা স্পষ্ট লেখেন, "দয়া করে এই অপ্রয়োজনীয় গুজব ছড়ানো বন্ধ করুন।"

রহমানের বিচ্ছেদের ঘোষণার পরেও কড়া ভাষায় সরব হয়েছিলেন খতিজা। মোহিনীর সঙ্গে নাম জড়িয়ে দেওয়ায় তিনি বলেছিলেন, "সর্বদা মনে রাখবেন, গুজবের জন্ম দেয় নিন্দুকেরা। ছড়িয়ে দেয় বোকারা। সেটা বিশ্বাস করে নির্বোধেরা।" যদিও নাম না করে তোপ দেগেছিলেন তিনি। সেই সময় রহমানের ছেলেও গুজবের বিরুদ্ধে মুখ খুলেছিলেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে দীর্ঘ পোস্ট করেছেন আমিন। তিনি স্পষ্ট জানিয়েছিলেন, বৃথাই দু'টি মানুষের বিচ্ছেদের মধ্যে যোগ খোঁজা হচ্ছে। কঠিন সময়ে গুজব না ছড়ানোর অনুরোধ করেছিলেন তিনি। আমিন তার পোস্টে লিখেছিলেন, "আমার বাবা একজন ঐতিহ্যশালী শিল্পী। শুধু নিজের কাজের জন্য নয়, তার মূল্যবোধের জন্যও তিনি মানুষের ভালোবাসা ও সম্মান অর্জন করেছেন। তাই এই ভিত্তিহীন গুজব ছড়িয়ে পড়ছে দেখে সত্যিই খুব খারাপ লাগছে।"

# নাগা-শোভিতার বিয়ে, সামান্থার দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিলেন কে?





স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেতা নাগা চৈতন্যের সঙ্গে চার বছরের দাম্পত্য ছিল আরেক জনপ্রিয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভুর। তার আগে একটা লম্বা সময়জুড়ে প্রেমের সম্পর্কে ছিলেন তারা। নাগাকে যে তিনি বেশি ভালবাসেন সে কথা বিবাহিত থাকাকালীন বেশ কয়েকবার জানিয়েছিলেন অভিনেত্রী। নাগার সঙ্গে বিয়ে ভেঙে যাওয়ার পর তাকে সমাজের কাছে ছোট হতে হয়েছে বিনা দোষে, সে কথাও বিভিন্ন সময় সাক্ষাৎকারে জানিয়েছেন অভিনেত্রী। নিজের জন্য নতুন সঙ্গীও খুঁজে নিয়েছেন নাগা।

অন্যদিকে, নিজের মনের দরজায় খিল দিয়েছেন সামান্থা, অভিনেত্রী নিজেই স্বীকার করেছেন সে কথা। কাজ ও আত্মপ্রেমে ডুবে রয়েছেন তিনি। এর মাঝেই প্রাক্তন স্বামীর দ্বিতীয় বিয়ের ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল। এই সময় পাশে পেলেন পরিবারকে।

মাস কয়েক আগে সামান্থার ভাই বিয়ে করেন। ভাইয়ের বিয়েতে শুরু থেকে শেষ পর্যন্ত ছিলেন সামান্থা। এবার অভিনেত্রীর ভাবী এগিয়ে এলেন ননদের জন্য। তিনি লেখেন, "ননদেরা এই পৃথিবীতে আছে, আমি আমার ননদকে ভালবাসি।"


পাল্টা ভালবাসা জানান অভিনেত্রীও। নাগা নতুন জীবনে পা দিলেও এখনও প্রাক্তন স্বামীর সঙ্গে তিনটি ছবি রেখে দিয়েছেন সামান্থা।

তিনটিই ২০১৭ সালের। একটি বিজ্ঞাপনের শুটের সময় তোলা হয়েছিল ছবিগুলো। অন্যটি নাগার ও তার হাত পাশাপাশি রাখা। সামান্থা লিখেছেন, "যেখানে তোমার ইচ্ছা নিয়ে চলো আমায়।"

আরেকটি ছবিতে নাগার পাশে দাঁড়িয়ে, সঙ্গে রয়েছেন তাদের বন্ধুবান্ধব। এছাড়াও একটি ছবি রয়েছে সামান্থার ইনস্টাগ্রামে। সেটি তাদের বিয়েরই ছবি। ২০১৭ সালে ২৩ নভেম্বর নাগাকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে পোস্ট করেছিলেন সামান্থা। সেখানে লেখা ছিল, "তোমার হৃদয় যা চায়, ঈশ্বর যেন তোমায় তা-ই দেন, প্রার্থনা করি।"

অনুরাগীরা উষ্মা প্রকাশ করেছেন এই ছবির জন্য। তাদের দাবি, এই ছবি সরিয়ে ফেলে এবার এগিয়ে যাওয়া উচিত সামান্থারও।

# হঠাৎ আমির অ্যাপার্টমেন্ট ভাঙছেন কেন?





স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

আচমকাই ভেঙে ফেলা হল আমির খানের মুম্বাইয়ের অভিজাত পালি হিলের অ্যাপার্টমেন্ট। আসলে বলিউড তারকা সিদ্ধান্ত নিয়েছেন, এটি নতুন করে নির্মাণের। তিনি যে এমনটা করতে চলেছেন, তা গত বছর থেকেই শোনা যাচ্ছিল। অবশেষে শুরু হল কাজ।

মুম্বাইয়ের অভিজাত অঞ্চল পালি হিল। সেখানেই বেলা ভিস্তা ও মারিনা নামের দুটি বিলাসবহুল আবাসনের ২৪টি ফ্ল্যাটের মধ্যে ৯টিই আমিরের। জানা যাচ্ছে, সেগুলি নবনির্মাণ করা হবে। এই পুরো বিষয়টির সঙ্গেই আমির যুক্ত রয়েছেন। তিনি এবং আরও যাদের এখানে ফ্ল্যাট রয়েছে তারা এবার ৫৫ থেকে ৬০ শতাংশ বেশি এলাকা পাবেন বসবাসের জন্য।



খরচ পড়বে প্রতি বর্গ ফুটে ৮০ হাজার থেকে ১ লক্ষ ২৫ হাজার রুপি। ওই অ্যাপার্টমেন্টগুলি চল্লিশ বছরের পুরনো। এখানে গোড়া থেকেই থাকেন আমির ও তার পরিবার। এবার সিদ্ধান্ত, সেগুলো ভেঙে ফেলে নতুন করে তৈরি করার। জানা যাচ্ছে, প্রথমে বাকি আবাসিকদের ততটা উৎসাহ না থাকলেও পরে সকলেই রাজি হয়ে যান বলিউড তারকার প্রস্তাবে।

প্রসঙ্গত, আমিরের শেষ মুক্তিপ্রাপ্ত ছবি ছিল 'লাল সিং চাড্ডা'। সেটি বক্স অফিসে মুখ থুবড়ে পড়ে। তবে ২০২৩ সালে 'লাপাতা লেডিজ' ছবিটি প্রযোজনা করেছিলেন আমির। যদিও ছবিতে তিনি অভিনয় করেননি। এই মুহূর্তে আমির ব্যস্ত 'তারে জমিন পর'-এর সিক্যুয়েল 'সিতারে জমিন পর'-এর কাজে। ছবিটি মুক্তি পাবে ২০২৫ সাল নাগাদ। ছবিতে আমিরের বিপরীতে দেখা যাবে অভিনেত্রী জেনেলিয়া দেশমুখকে। ২০১৮ সালে মুক্তিপ্রাপ্ত স্প্যানিশ ছবি 'চ্যাম্পিয়নস' অবলম্বনে তৈরি হবে ছবিটি।

# লাগাতর হুমকি! শহর ছেড়ে কোথায় গেলেন সালমান খান?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

লাগাতর হুমকি পাচ্ছেন সালমান খান। লরেন্স বিশ্নোই তার নিশানায় অনড়। সম্প্রতি জানা গেছে, 'হিট লিস্ট'-এ রয়েছেন বলিউডের ভাইজানও। জেরার মুখে এমনই জানিয়েছেন বাবা সিদ্দিকির ঘটনায় অভিযুক্ত বিশ্নোই। সালমানের উপর হামলা করতে তার বাড়ির আশেপাশেও নজর রেখেছেন আততীয়রা। বুধবার সালমানের শুটিং সেটে পর্যন্ত সরাসরি হুমকি দেয়া হয়েছে। এসবের মধ্যেই শহর ছেড়েছেন সালমান।

বৃহস্পতিবার মুম্বাইয়ে নবনির্বাচিত মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডণবীসের শপথ গ্রহণ অনুষ্ঠানেও দেখা গিয়েছিল সালমানকে। সেই অনুষ্ঠানে শাহরুখ খান, বিদ্যা বালানের সঙ্গে কথা বলতে দেখা যায় ভাইজানকে। তার কিছুক্ষণ পরেই মুম্বাই বিমানবন্দরে পৌঁছান সালমান। বাবা সিদ্দিকির ছেলে জিশান সিদ্দিকির সঙ্গে শহর ছাড়েন তিনি। সালমানের সঙ্গে ছিলেন তার দেহরক্ষী শেরাও।

পাপ্পারাজিদের দেখেই মুচকি হাসেন সালমান। তবে কোথায় যাচ্ছেন বা কেন তড়িঘড়ি শহর ছাড়লেন, তা খোলসা করেননি। হঠাৎ শহর ছাড়ার কারণে এই সপ্তাহান্তে 'বিগ বস ১৮'-এর 'উইকেন্ড কা ওয়ার'-এও উপস্থিত থাকবেন না সালমান। তার পরিবর্তে সঞ্চালনা করবেন ফারহা খান।

বুধবার রাতে মুম্বাইয়ের দাদর এলাকার জোন-৫-এ সালমানের শুটিং লোকেশনে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তি ঢুকে পড়েন। সে সময় বলিউড তারকা নিজে সেখানে উপস্থিত ছিলেন। পুলিশ সূত্রের খবর, সেটে উপস্থিত নিরাপত্তারক্ষীরা জিজ্ঞাসাবাদ শুরু করলে ওই ব্যক্তি লরেন্সের নাম করে হুমকি দেন। এরপর তাকে আটক করা হয়। পরে শিবাজি পার্ক থানার পুলিশ এসে তাকে গ্রেপ্তার করে নিয়ে যায়।

উল্লেখ্য, এপ্রিল মাসে সালমানের বাড়ি 'গ্যালাক্সি'র বাইরেও গুলিবর্ষণ করেন আততায়ীরা। সেই ঘটনাতেও গ্রেপ্তার করা হয়েছিল দু'জনকে।

# হিন্দি সিনেমার জগতে আমি বহিরাগত; কেন বললেন শাহরুখ?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বলিউড কিং শাহরুখ খান নিজেকে 'আধা-অনাথ' বলে সম্বোধন করেছেন। শুধু তাই নয়, হিন্দি সিনেমার জগতে নিজেকে বহিরাগত বলেও দাবি করলেন তিনি।

শুক্রবার ইনস্টাগ্রামে ওয়াল্ট ডিজনি স্টুডিওজ ইন্ডিয়ার পোস্ট করা একটি ভিডিওতে শাহরুখকে 'মুফাসা: দ্য লায়ন কিং' নিয়ে কথা বলতে দেখা যায়। এই ছবির হিন্দি ভার্সনে মুফাসার চরিত্রে কণ্ঠ দিয়েছেন শাহরুখ। সেখানে নিজেকে মুফাসার সঙ্গে তুলনা করতে গিয়ে নিজের বিষয়ে এসব কথা বলেন কিং খান।

শাহরুখের কথায়, 'আমি যদি বিনয় না করে বলি, তাহলে বলতে হয় হ্যাঁ এটা আমারই গল্প, মুফাসার গল্প আমার সঙ্গে মিলে যায়। টেকনিক্যালি বলতে গেলে, যার বাবা-মা নেই সে অনাথ। আমিও খুব অল্প বয়সে আমার মা-বাবাকে হারিয়েছি, তাই সেই দিক থেকে দেখতে গেলে আমি একজন আধা-অনাথ। আমারও কোনও পরিবার ছিল না।'

শাহরুখ আরও বলেন, 'এটা একজন বহিরাগতের গল্প। আর আমিও এই ইন্ডাস্ট্রিতে একজন 'বহিরাগত'। কারণ আমার পরিবারের কেউ আমার আগে চলচ্চিত্র নির্মাণের সঙ্গে যুক্ত ছিলেন না। আমি দিল্লি থেকে মুম্বাইতে এসেছিলাম, তাই আমিও একজন বহিরাগত। এটা রাজার গল্প। হ্যাঁ, আমি কিং।'

জানা গেছে, আগামী ২০ ডিসেম্বর ইংরেজি, হিন্দি ও তামিল ভাষায় মুক্তি পাবে 'মুফাসা: দ্য লায়ন কিং'।

# বার্সার হোঁচটে চিরপ্রতিদ্বন্দ্বীদের আরও কাছে রিয়াল



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

লা লিগায় আবারও হোঁচট খেয়েছে বার্সেলোনা। রিয়াল মাদ্রিদ সুযোগটা কাজে লাগালো দারুণভাবে। জিরোনাকে হারিয়ে পয়েন্ট টেবিলে চিরপ্রতিদ্বন্দ্বীদের আরও কাছে চলে এসেছে কার্লো আনচেলত্তির দল।

লা লিগায় শনিবার রিয়াল বেতিসের মাঠে দুইবার এগিয়ে গিয়েও জয় নিয়ে ফিরতে পারেনি বার্সেলোনা। ২-২ গোলে ড্রয়ের ম্যাচে তাদের সেই হতাশায় যুক্ত হয়েছে কোচ হান্সি ফ্লিকের লাল কার্ড।

রবের্ত লেভানদোভস্কির গোলে এগিয়ে থেকে বিরতিতে গিয়েছিল বার্সেলোনা। সফল স্পট কিকে বেতিসকে সমতায় ফেরান জিওভানি লো সেলসো। বদলি নেমে ফের বার্সেলোনাকে এগিয়ে নেন ফেররান তরেস। যোগ করা সময়ে আসানে দিওয়ায়ের গোলে হার এড়ায় বেতিস। তবে গোলমুখে ফরোয়ার্ডরা আরেকটু কার্যকর হলে হয়তো গোল উৎসবে মেতে উঠতে পারত স্বাগতিকরা।

বল দখলে পিছিয়ে থাকলেও ঘরের মাঠে গোলের জন্য শট নেওয়ায় এগিয়ে ছিল পয়েন্ট তালিকার ১১ নম্বর দল বেতিস। ১২ শট নিয়ে ছয়টি লক্ষ্যে রাখে মানুয়েল পেল্লিগ্রিনির দলটি। অন্যদিকে, প্রায় ৬২ শতাংশ বলের দখল রেখে গোলের জন্য ৯ শট নিয়ে কেবল তিনটি লক্ষ্যে রাখতে পারে বার্সেলোনা।

আসরে বার্সেলোনার এটি দ্বিতীয় ড্র। লিগে সবশেষ ৫ ম্যাচে মাত্র একটিতে জেতা দলটি এখনও শীর্ষেই আছে। ১৭ ম্যাচে তাদের পয়েন্ট ৩৮। তাদের চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল এক ম্যাচ কম খেলে আছে নিঃশ্বাস দূরত্বে। ১৬ ম্যাচে রিয়ালের পয়েন্ট ৩৩। একই রাতে গত আসরের চ্যাম্পিয়নরা জিরোনাকে হারায় ৩-০ গোলে।

প্রথমার্ধে জুড বেলিংহ্যাম দলকে এগিয়ে নেওয়ার পর তার পাস থেকে দ্বিতীয়ার্ধের শুরুতে ব্যবধান বাড়ান আর্দা গিলের। তৃতীয় গোলটি করেন কিলিয়ান এমবাপে।

দ্বিতীয়ার্ধে চোট পেয়ে মাঠ ছাড়েন বেলিংহ্যাম। শেষ বাঁশি বাজার পর অবশ্য সতীর্থদের সঙ্গে মাঠে দেখা যায় তাকে। ধারণা করা হচ্ছে, তার চোট গুরুতর নয়।

আগের ১১ ম্যাচের পাঁচটিতেই হার। আথলেতিক বিলবাওয়ের মাঠে ২-১ গোলে হেরেছিল শিরোপাধারীরা। এরপর রিয়াল কোচ আনচেলত্তির সমালোচনা হচ্ছিল বেশ। এই জয় তাদের জন্য তাই বড় স্বস্তির। তাছাড়া হাতে থাকা ম্যাচটি জিতলে অন্য হিসাব ছাড়াই তাদের সামনে রয়েছে পয়েন্ট তালিকার শীর্ষে ওঠার সুযোগ।

# ট্রাভিস হেড ও মোহাম্মদ সিরাজের মাঝে কী কথা হয়েছিল?

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

অ্যাডিলেড টেস্টে ভারতকে কার্যত ছিটকে ফেলেছিল ট্রাভিস হেডের খেলেছেন ১৪০ রানের ইনিংস। এখন পর্যন্ত ভারত পিছিয়ে আছে ২৯ রানে। যদিও হাতে আছে ৫ উইকেট। কিন্তু গোলাপি বলের টেস্টে অস্ট্রেলিয়া যেভাবে রাজত্ব করে এসেছে, সেটা ভাঙতে ভারতকে করতে হবে অবিশ্বাস্য কিছুই। অ্যাডিলেইড টেস্টের দ্বিতীয় দিনের সবচেয়ে আলোচিত মুহূর্তেও বলতে গেলে পিছিয়ে আছে ভারত। মোহাম্মদ সিরাজ ট্রাভিস হেডের উইকেট পাওয়ার পর যেভাবে উদযাপন করেছেন, তাতে সমালোচনায় পড়তে হচ্ছে এই ভারতীয় পেসারকে। এমনকি সিরাজের নিজ দেশের কিংবদন্তি সুনীল গাভাস্কারও অনেকটাই বিরক্তি প্রকাশ করেছেন এই পেসারের প্রতি। তবে দিনের খেলা শেষে ট্রাভিস হেডই জানালেন দু'জনের মাঝে কী হয়েছিল। সাংবাদিকদের




প্রশ্নের সামনে ট্রাভিস হেড জানালেন মূল ঘটনা। আউটের পর মূলত ভুল বোঝাবুঝি থেকেই এমন সমস্যার শুরু। আর হেড প্রশংসা করলেও তা বুঝতে পারেননি সিরাজ, 'আউটের পরেই আমি সিরাজকে বলেছিলাম, বেশ ভালোই বল করেছ। কিন্তু সে বিষয়টাকে অন্যভাবে বুঝেছে। যেভাবে পুরো বিষয়টা প্রকাশ হলো, তাতে আমি কিছুটা হতাশ।'

এরপরেই ভারতকে প্রচ্ছন্ন হুমকি দিয়ে রাখলেন ট্রাভিস হেড, 'যা হবার হয়ে গেছে। ওরা যদি এভাবেই প্রতিক্রিয়া দেখাতে চায় আর এমন করেই নিজেদের উপস্থাপন করে তাহলে আমাদের পক্ষ থেকেও তাইই হবে।'

ভারতকে পেয়ে অজি ব্যাটা ট্রাভিস জ্বলে ওঠা একেবারেই নতুন কিছু না। অস্ট্রেলিয়ার হয়ে সবশেষ টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল এবং ওয়ানডে বিশ্বকাপের ফাইনালে এই ট্রাভিস হেডই ছিলেন ম্যান অব দ্য ফাইনাল। ভারতকে কাঁদিয়েছিলেন তিনিই। অস্ট্রেলিয়ার হয়ে দুর্দান্ত হেডের সামনে বরাবরই যেন অসহায় ভারতের বোলাররা।

# এক দশক পর ওয়েস্ট ইন্ডিজে খেলবে অস্ট্রেলিয়া



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

এই বছরও সাদা পোশাকে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে খেলেছে অস্ট্রেলিয়া। তবে সিরিজটি ছিল তাদের ঘরের মাঠে। প্রায় ১০ বছর পর ২০২৫ সালে ক্যারিবিয়ায় টেস্ট খেলবে তারা।

ওয়েস্ট ইন্ডিজের মাটিতে অস্ট্রেলিয়া সবশেষ টেস্ট খেলেছিল ২০১৫ সালে। দুই টেস্টের সিরিজটিতে ক্যারিবিয়ানদের হোয়াইটওয়াশ করেছিল সফরকারীরা। আসন্ন সিরিজটি দুই দলের জন্যেই টেস্ট চ্যাম্পিয়নশিপের পরবর্তী চক্রের প্রথম সিরিজ।

ইএসপিএন ক্রিকইনফো জানিয়েছে, ওয়েস্ট ইন্ডিজের তিন ভেন্যু বার্বাডোজ, গ্রেনাডা এবং জ্যামাইকায় হওয়ার সম্ভাবনা রয়েছে সিরিজটি। এই সিরিজে একই সঙ্গে তিনটি করে ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলবে দুই দল, যা আগেই নির্ধারণ করা হয়েছিল। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সর্বশেষ চলতি বছরে নিজেদের ঘরের মাটিতে মুখোমুখি হয়েছিল অস্ট্রেলিয়া। যেখানে শামার জোসেফের কীর্তি গড়া ম্যাচে গ্যাবায় ৭ রানে জিতে যায় ক্যারিবীয়রা। তাতে ২১ বছর পর অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট জয়ের স্বাদ পায় তারা। সিরিজটি ড্র হয় ১-১ ব্যবধানে।

# টেস্ট ক্রিকেটের ১৪৭ বছরে চতুর্থ ব্যাটার হিসেবে যে রেকর্ড রুটের

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

টেস্ট ক্রিকেটের বয়স ১৪৭ বছর। এই লম্বা পথচলায় বর্তমানে নিজেকে প্রমাণ করে চলেছেন জো রুট। কোভিড পরবর্তী সময়ে নিজের টেস্ট ক্রিকেট পরিসংখ্যানকে নিয়ে গিয়েছিলেন অন্য এক উচ্চতায়। নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়েলিংটন টেস্টেও নিজের ব্যাটে রানের দেখা পেয়েছেন রুট। দ্বিতীয় ইনিংসে ইংল্যান্ডের হয়ে অপরাজিত আছেন ৭৩ রানে। যা রুটকে নিয়ে গিয়েছে টেস্ট ক্রিকেটের অন্যতম বিরল এক তালিকায়। যেখানে তার সঙ্গী কেবল শচীন টেন্ডুলকার, জ্যাক ক্যালিস ও রিকি পন্টিং। ওয়েলিংটনের এই ফিফটি ছিল জো রুটের ক্যারিয়ারে ১০০তম পঞ্চাশ পেরুনো





ইনিংস। সাদা পোশাকে জো রুটের সেঞ্চুরি ৩৫টি। আর আজ পেয়েছেন ৬৫তম ফিফটি। যা তাকে নিয়ে গিয়েছে শততম পঞ্চাশোর্ধ ইনিংস খেলার এলিট ক্লাবে। এই তালিকায় ১০৩টি পঞ্চাশ পেরুনো ইনিংস আছে রিকি পনিটং এবং জ্যাক ক্যালিসের। আর সবার ওপরে আছেন শচীন টেন্ডুলকার। প্রায় দুই যুগের লম্বা ক্যারিয়ারে শচীন খেলেছেন ১১৯টি পঞ্চাশ পেরুনো ইনিংস। ৫১টি টেস্ট সেঞ্চুরি তার নামের পাশে, সঙ্গে আছে ৬৮ টেস্ট ফিফটি। পন্টিংয়ের সেঞ্চুরি ৪১ আর ফিফটি ৬২টি। জ্যাক ক্যালিসের সেঞ্চুরি ৪৫টি। আর ফিফটি আছে ৫৮টি। এদের পরেই অবস্থান রুটের। কাকতালীয়ভাবে টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ রানসংগ্রাহকের তালিকাতেও শীর্ষ তিনে আছেন শচীন, পন্টিং ও ক্যালিস। এরপরে আছেন রাহুল দ্রাবিড়। আড় ৫ম স্থানে আছেন জো রুট। ইংলিশ এই ব্যাটার যেভাবে ছুটছেন তাতে টেস্ট ক্রিকেটে আরও বেশ কিছু রেকর্ডও হয়ত নিজের ঝুলিতে পুরবেন সামনের দিনগুলোতে।

# ক্রিস্টাল প্যালেসের মাঠে ফের ম্যানসিটির হোঁচট

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

টানা ব্যর্থতার পর আগের ম্যাচ জিতেছিল ম্যানচেস্টার সিটি। তবে আবারও ক্রিস্টাল প্যালেসের মাঠে হোঁচট খেল পেপ গুয়ার্দিওলার দল।

৭ ডিসেম্বর, ২০২৪, ইংলিশ প্রিমিয়ার লিগের এক উত্তেজনাপূর্ণ ম্যাচে ক্রিস্টাল প্যালেসের বিরুদ্ধে ২-২ গোলে ড্র করেছে সিটি। প্রতিপক্ষের মাঠে ম্যাচে শেষদিকে ১০ জনের দলে পরিণত হয়ে হারের শঙ্কায়ও পড়েছিল সিটি। ম্যাচের চতুর্থ মিনিটেই চ্যাম্পিয়নদের স্তব্ধ করে সমর্থকদের উল্লাসে ভাসিয়ে দেয় প্যালেস। ডি বক্সে ঢুকে এক কোনাকুনি শটে লক্ষ্যভেদ করেন কলম্বিয়ার ডিফেন্ডার মুনিয়োস। ম্যাচের ৩০ মিনিটে কাঙ্ক্ষিত গোল পেয়ে যায় সিটি। মাথেউস নুনেসের ক্রস বক্সে পেয়ে লাফিয়ে হেডে সমতা



ফেরান হলান্ড, যার ফলে সিটির জন্য কিছুটা স্বস্তি ফিরে আসে।

প্রথম ভাগে লক্ষ্যে মাত্র একটি শট নেওয়া প্যালেস দ্বিতীয়ার্ধের শুরুতে চাপ বাড়ায়। ৫৬তম মিনিটে লক্ষ্যে দ্বিতীয় প্রচেষ্টা রাখতে পারে তারা এবং এটাও ঠিকানা খুঁজে পায়। হিউজের কর্নারে হেডে গোলটি করেন ফরাসি ডিফেন্ডার লেকখোয়া।

১২ মিনিট পর দ্বিতীয়বারের মতো সমতায় ফেরে সিটি। বের্নার্দো সিলভার ছোট পাস বক্সে পেয়ে জোরাল শটে স্কোরলাইন ২-২ করেন তরুণ ইংলিশ ডিফেন্ডার লুইস।

এরপর সময় যত গড়াতে থাকে, তত মরিয়া হয়ে উঠতে থাকে সিটি। তবে, এর মাঝেই ৮৪তম মিনিটে বড় ধাক্কা খায় তারা। প্রতিপক্ষের বক্সে তাদের ডিফেন্ডার ট্রেভো শ্যালাবাকে ফাউল করে দ্বিতীয় হলুদ কার্ড দেখেন লুইস।

# বছরে ১২০০ কোটি টাকার শর্তে নাইকির সঙ্গে ১২ বছরের চুক্তি ব্রাজিলের

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বিশ্বখ্যাত ক্রীড়াসামগ্রী প্রস্তুতকারক প্রতিষ্ঠান নাইকির সঙ্গে নতুন করে আরও ১২ বছরের জন্য চুক্তি করল পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিল। এতে করে ব্রাজিলের সঙ্গে নাইকির চুক্তি বলবৎ থাকবে ২০৩৮ সাল পর্যন্ত। নবায়নের আগে সর্বশেষ চুক্তিটি ছিল ২০২৬ সাল পর্যন্ত।

নতুন চুক্তির মূল্য ১০ কোটি ডলার বা বাংলাদেশি মুদ্রায় ১২০০ কোটি টাকা। পাশাপাশি ব্রাজিলের জার্সি বিক্রি থেকে রয়্যালটির টাকাও পাবে ফুটবলের সফলতম দলটি। এই শর্ত অবশ্য আগের চুক্তিতে ছিল না। নতুন এই চুক্তির পর প্রথমবারের মতো লাইসেন্স করা পণ্যের এবং বিশ্বজুড়ে অনুমোদিত দোকান চালুর অনুমতি দিল ব্রাজিল ফুটবল কনফেডারেশন (সিবিএফ)।

সিবিএফ প্রেসিডেনট এদনালদো রদ্রিগেজ নাইকির সঙ্গে নতুন চুক্তির বিষয়ে বলেছেন, 'এই চুক্তি ব্রাজিলিয়ান ফুটবলের শক্তিকে প্রমাণ করে। এটি ফুটবল ইতিহাসের অন্যতম দীর্ঘস্থায়ী এবং সফল অংশীদারিত্বের একটি। একসঙ্গে আমরা ব্রাজিলের অসাধারণ ফুটবলের উদ্‌যাপন চালিয়ে যাব এবং জোগো বনিতোর ঐতিহ্যকে ধরে রাখব।'

এই চুক্তি নিয়ে নাইকির লাতিন আমেরিকা অঞ্চলের সহসভাপতি ডং বাওয়েল বলেছেন, ব্রাজিলিয়ান ফুটবলের সঙ্গে আমাদের পুরোনো প্রতিশ্রুতি আরও শক্তিশালী



হলো।'

এই চুক্তি শুধুমাত্র ব্রাজিলের পুরুষ এবং মহিলা জাতীয় ফুটবল দল নয়, বরং বিচ ফুটবল এবং ফুটসলাল দলগুলির ক্ষেত্রেও প্রযোজ্য। ব্রাজিল ছাড়াও নাইকির স্পনসর করা জার্সি পরে খেলতে দেখা যায় অস্ট্রেলিয়া, ক্রোয়েশিয়া, ইংল্যান্ড, ফ্রান্স, নাইজেরিয়া, পোল্যান্ড, পর্তুগাল, সৌদি আরব এবং দক্ষিণ কোরিয়ারকে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR